# কবিতাসমগ্র



কাজী নজরুল ইসলামের ব্যবহৃত থালা

# ক বি তা স ম গ্র

নজরুল ইসলাম

কাজী নজরুল ইসলাম

TURNING THE PAGE
FOR 15 YEARS

KOBI PROKASHANI

কবিতাসমগ্র
কাজী নজরুল ইসলাম

প্রকাশকাল
কবি প্রকাশনী প্রথম প্রকাশ : আগস্ট ২০২৬

প্রকাশক
সজল আহমেদ
কবি প্রকাশনী ৮৫ কনকর্ড এম্পোরিয়াম মার্কেট
২৫৩-২৫৪ ড. কুদরত-ই-খুদা রোড কাঁটাবন ঢাকা ১২০৫

স্বত্ব
লেখক

প্রচ্ছদ ও অলংকরণ
সব্যসাচী হাজরা

বর্ণবিন্যাস
মোবারক হোসেন

মুদ্রণ
কবি প্রেস
৩৩/৩৪/৪ আজিমপুর রোড লালবাগ ঢাকা ১২১১

ভারতে পরিবেশক
অভিযান বুক ক্যাফে কথাপ্রকাশ ঢাকা বুকস বইবাংলা দে'জ পাবলিশিং বাতিঘর কলকাতা

মূল্য : ১৪৫০ টাকা

Kabita Samagra (Collection of poems) by Kazi Nazrul Islam Published by
Kobi Prokashani 85 Concord Emporium Market 253-254 Dr. Kudrat-e-Khuda Road
Katabon Dhaka 1205 Kobi Prokashani First Edition: August 2026
Phone: 02-44617335 Cell: +88-01717217335 +88-01641863570 (bKash)
Price: 1450 Taka RS: 1450 US 60 $
E-mail: kobiprokashani@gmail.com Website: kobibd.com

**ISBN:** 978-984-2250-18-7

ঘরে বসে কবি প্রকাশনীর যেকোনো বই কিনতে ভিজিট করুন
www.kobibd.com or www.kanamachhi.com
অথবা ফোনে অর্ডার করুন ০১৬৪১-৮৬৩৫৭১
www.rokomari.com/kobipublisher
অথবা ফোনে অর্ডার করুন ০১৫১৯-৫২১৯৭১ হটলাইন ১৬২৯৭

জাতীয় কবি কাজী নজরুল ইসলামের অনুরাগীদের উদ্দেশে



জাতীয় কবি কাজী নজরুল ইসলাম
(জন্ম ১৮৯৯-মৃত্যু ১৯৭৬)

# সূ চি প ত্র

**অগ্নি-বীণা**


| | |
|---|---|
| প্রলয়োল্লাস | ৩১ |
| বিদ্রোহী | ৩৩ |
| রক্তাম্বরধারিণী মা | ৩৮ |
| আগমনী | ৩৯ |
| ধূমকেতু | ৪৩ |
| কামাল পাশা | ৪৬ |
| আনোয়ার | ৫৬ |
| রণ-ভেরী | ৬০ |
| ‘শাত-ইল-আরব’ | ৬৩ |
| খেয়া-পারের তরণী | ৬৪ |
| কোরবানি | ৬৫ |
| মোহর্‌রম | ৬৮ |


**দোলন-চাঁপা**


| | |
|---|---|
| [আজ সৃষ্টি-সুখের উল্লাসে] | ৭৫ |
| দোদুল দুল | ৭৬ |
| বেলাশেষে | ৮০ |
| পউষ | ৮২ |
| পথহারা | ৮২ |
| ব্যথা-গরব | ৮৩ |
| উপেক্ষিত | ৮৫ |
| সমর্পণ | ৮৫ |
| পুবের চাতক | ৮৬ |

অবেলার ডাক ৮৭
চপল সাথী ৯১
পূজারিণী ৯২
অভিশাপ ১০৫
আশান্বিতা ১০৯
পিছু-ডাক ১১০
মুখরা ১১১
সাধের ভিখারিনী ১১২
কবি-রানী ১১৩
আশা ১১৩
শেষ প্রার্থনা ১১৪
[সে যে চাতকই জানে] ১১৪

**বিশের বাঁশী**

[আয় রে আবার আমার চির-তিক্ত প্রাণ] ১২১
ফাতেহা-ই-দোয়াজ্-দহম্ [আবির্ভাব] ১২৩
ফাতেহা-ই-দোয়াজ্-দহম্ [তিরোভাব] ১২৬
সেবক ১২৯
জাগৃহি ১৩০
তূর্য নিনাদ ১৩৩
বোধন ১৩৪
উদ্বোধন ১৩৫
অভয়-মন্ত্র ১৩৬
আত্মশক্তি ১৩৮
মরণ-বরণ ১৩৯
বন্দী-বন্দনা ১৪০
বন্দনা-গান ১৪১
মুক্তি-সেবকের গান ১৪২
শিকল-পরার গান ১৪৩
মুক্ত-বন্দী ১৪৪
যুগান্তরের গান ১৪৫
চরকার গান ১৪৭
জাতের বজ্জাতি ১৪৮
সত্য-মন্ত্র ১৫০
বিজয়-গান ১৫৩

পাগল পথিক ১৫৪
ভূত-ভাগানোর গান ১৫৫
বিদ্রোহী বাণী ১৫৬
অভিশাপ ১৫৮
মুক্ত-পিঞ্জর ১৫৯
ঝড় ১৬২

**ভাঙার গান**

ভাঙার গান ১৭৩
জাগরণী ১৭৪
মিলন-গান ১৭৮
পূর্ণ-অভিনন্দন ১৭৯
ঝোড়ো গান ১৮১
মোহান্তের মোহ-অন্তের গান ১৮২
আশু-প্রয়াণ গীতি ১৮৩
ল্যাবেন্ডিশ বাহিনীর বিজাতীয় সঙ্গীত ১৮৫
সুপার (জেলের) বন্দনা ১৮৬
দুঃশাসনের রক্ত-পান ১৮৭
শহীদি-ঈদ ১৯০

**ছায়ানট**

বিজয়িনী ১৯৯
কমল-কাঁটা ১৯৯
চৈতী হাওয়া ২০০
বেদনা-অভিমান ২০৪
নিশীথ্-প্রীতম্ ২০৪
অ-বেলায় ২০৫
হার-মানা-হার ২০৬
লক্ষ্মীছাড়া ২০৭
শেষের গান ২০৮
নিরুদ্দেশের যাত্রী ২০৯
চিরন্তনী প্রিয়া ২১০
বেদনা-মণি ২১১
পরশ-পূজা ২১১
অনাদৃতা ২১২
শায়ক-বেঁধা পাখি ২১৩

হারা-মণি ২১৪
নীল পরী ২১৬
স্নেহ-ভীতু ২১৭
পলাতকা ২১৭
চিরশিশু ২১৯
মানস-বধূ ২১৯
দহন-মালা ২২১
বিদায়-বেলায় ২২১
অকরুণ পিয়া ২২২
ব্যথা-নিশীথ ২২৩
সন্ধ্যাতারা ২২৪
দূরের বন্ধু ২২৪
আশা ২২৫
মরমী ২২৫
মুক্তি-বার ২২৬
আপন-পিয়াসী ২২৭
বিবাগিনী ২২৭
প্রতিবেশিনী ২২৮
দুপুর-অভিসার ২২৯
ছল্-কুমারী ২৩০
পাপড়ি খোলা ২৩১
বিধুরা পথিক-প্রিয়া ২৩২
মনের মানুষ ২৩২
প্রিয়ার রূপ ২৩৩
বাদল-দিনে ২৩৪
কার বাঁশি বাজিল? ২৩৬
অ-কেজোর গান ২৩৭
স্তব্ধ বাদল ২৩৮
চাঁদ-মুকুর ২৩৯
চির-চেনা ২৩৯
পাহাড়ী গান ২৪০
অমর-কানন ২৪১
পুবের হাওয়া ২৪২
আল্‌তা-স্মৃতি ২৪৮
রৌদ্র-দগ্ধের গান ২৫০

কর্থ্যভাষা ৮৫৮
দীওয়ান-ই-হাফিজ ৮৫৯
ক্ষমা করো হজরত্!! ৮৫৯
সাম্পানের গান ৮৬০
অ-নামিকা ৮৬২

পরিশিষ্ট

**অগ্রন্থিত কবিতা**

১. ভগ্নস্তূপ ৮৬৭
২. চড়ুই পাখির ছানা ৮৬৯
৩. করুণ গাথা ৮৭০
৪. করুণ বেহাগ ৮৭১
৫. কবিতা-সমাধি ৮৭৩
৬. অবেলায় ৮৭৪
৭. কবির চাওয়া ৮৭৬
৮. ফুল-ছড়ি ৮৭৭
৯. কালোর উকিল ৮৭৮
১০. বকুল ৮৭৯
১১. আজান ৮৭৯
১২. লাল সালাম ৮৮১
১৩. আনন্দময়ীর আগমনে ৮৮৪
১৪. অদর্শনের কৈফিয়ত ৮৮৬
১৫. আত্মকথা ৮৮৭
১৬. মোবারকবাদ ৮৮৮
১৭. মুকুলের উদ্বোধন ৮৮৮
১৮. স্বদেশ ৮৯০
১৯. দার্জিলিঙে রচিত কবিতাগুচ্ছ
সুন্দর তুমি নয়ন তোমার ৮৯১
আমার ধেয়ান-কমলে ৮৯২
সুন্দর তনু, সুন্দর মন ৮৯৩
আমার অশ্রু-বর্ষার শেষে ৮৯৪
ওপার হইতে আসিয়াছে ভেলা ৮৯৫
তুমি বুঝিবে না মোরে ৮৯৭
রৌদ্রোজ্জ্বল দিবসে তোমার ৯০১

২০. দেশপ্রিয় যতীন্দ্রমোহনের তিরোধানে ৯০৩
২১. আঁধার ৯০৪
২২. অপরূপ সে দুরন্ত ৯০৫
২৩. সালাম অস্ত-'রবি' ৯০৭
২৪. আগমনী ৯০৯
২৫. সুর-রাখি ৯১২
২৬. শ্রীমতী রানু সোম ৯১৩
২৭. চিত্র-পরিচয় ৯১৩
২৮. গাজী আবদুল করিম ৯১৪
২৯. জগ্‌লুল পাশা ৯১৪
৩০. ওমর খৈয়াম ৯১৪
৩১. সংকল্প ৯১৫
৩২. চলব আমি হালকা চালে ৯১৬
৩৩. কিশোরের স্বপ্ন ৯১৯
৩৪. জিজ্ঞাসা ৯২০
৩৫. সারস পাখি ৯২২
৩৬. মাঙ্গলিক ৯২৩
৩৭. লক্ষ্মী ছেলে তাই তোলে! ৯২৪
৩৮. ছোট হিটলার ৯২৬
৩৯. নতুন পথিক ৯২৭
৪০. এস মধুমেলাতে ৯২৭
৪১. নতুন খাবার ৯২৮
৪২. শিশু-সওগাত ৯২৯
৪৩. ঝুম্‌কোলতায় জোনাকি ৯৩০
৪৪. কোথায় ছিলাম আমি ৯৩১
৪৫. বর প্রার্থনা ৯৩২
৪৬. আমি যদি বাবা হতাম বাবা হতো খোকা ৯৩৪
৪৭. বগ দেখেছ? ৯৩৪
৪৮. ফ্যাসাদ ৯৩৬
৪৯. মায়া-মুকুর ৯৩৮
৫০. ভারতী আরতি ৯৩৯
৫১. গজল ৯৪০
৫২. নবীনচন্দ্র ৯৪১
৫৩. প্রথম অশ্রু ৯৪৪
৫৪. সংগ্রামী ৯৪৬

৫৫. সাধনা ৯৪৬
৫৬. স্রোতের ফুল ৯৪৬
৫৭. উদীচী-আলো ৯৪৭
৫৮. মওলানা মোহাম্মদ আলি ৯৪৭
৫৯. আবীর ৯৪৯
৬০. সত্য আগুন দেখোনি ৯৫০
৬১. জাগরণী ৯৫১
৬২. ট্রেড শো ৯৫১
৬৩. প্রশস্তি ৯৫২
৬৪. আশীর্বাদ ৯৫৩
৬৫. তীর্থপথিক ৯৫৪
৬৬. ছায়া-বীথি ৯৫৫
৬৭. লেখা ৯৫৬
৬৮. রুবাইয়াৎ ৯৫৭
৬৯. অক্ষয় হোক্ তোমার নভে ৯৫৭
৭০. সুন্দর তব ধ্যানের কমল ৯৫৭
৭১. অঞ্জলি ৯৫৮
৭২. শক্তি ৯৫৮
৭৩. দীপ্তি ৯৫৮
৭৪. কল্যাণী ৯৫৮
৭৫. বধূবরণ ৯৫৯
৭৬. চিত্রপট ৯৬০
৭৭. আগমনী (কমিক) ৯৬০
৭৮. মীরা! ৯৬২
৭৯. মৃত তারা ৯৬২
৮০. থেকো পাশে ৯৬৪
৮১. জামালউদ্দীন ৯৬৫
৮২. স্নিগ্ধ ছায়া শান্ত গ্রামের নিকুঞ্জ ৯৬৫
৮৩. তোমায় আমায় ছিলাম যেন ৯৬৬
৮৪. ঢাকার দাঙ্গা ৯৬৮
৮৫. বনস্পতির গান ৯৬৯
৮৬. অগ্রনায়ক ৯৭০
৮৭. জয় হোক! জয় হোক! ৯৭২
৮৮. আল্লা পরম প্রিয়তম মোর ৯৭৪
৮৯. চির-নির্ভয় ৯৭৭

| | |
|---|---|
| ৯০. দরিদ্র মোর পরমাত্মীয় | ৯৮০ |
| ৯১. মহাসমর | ৯৮২ |
| ৯২. শ্রমিক মজুর | ৯৮৪ |
| ৯৩. প্রেম ও প্রহার | ৯৮৬ |
| ৯৪. মহাত্মা মোহসিন | ৯৮৮ |
| ৯৫. রবি-হারা | ৯৯০ |
| ৯৬. আগুনের ফুল্‌কি ছুটে | ৯৯২ |
| ৯৭. অপরূপা | ৯৯৪ |
| ৯৮. শেষ বাণী | ৯৯৫ |
| গ্রন্থ-পরিচয় | ৯৯৭ |
| নজরুলের সংক্ষিপ্ত জীবনপঞ্জি | ১০৩৭ |
| নজরুল-গ্রন্থপঞ্জি | ১০৪৫ |

# অগ্নি-বীণা

# উৎসর্গ

ভাঙা বাংলার রাঙা যুগের আদি পুরোহিত, সাগ্নিক বীর
**শ্রীবারীন্দ্রকুমার ঘোষ**
শ্রীশ্রীচরণারবিন্দেষু

অগ্নি-ঋষি! অগ্নি-বীণা তোমায় শুধু সাজে।
তাই তো তোমার বহ্নি-রাগেও বেদন-বেহাগ বাজে ॥

দহন-বনের গহন-চারী—
হায় ঋষি—কোন্ বংশীধারী
নিঙ্ড়ে আগুন আন্লে বারি
অগ্নি-মরুর মাঝে।
সর্বনাশা কোন্ বাঁশি সে বুঝ্তে পারি না যে ॥

দুর্বাসা হে! রুদ্র তড়িৎ হানছিলে বৈশাখে,
হঠাৎ সে কার শুন্লে বেণু কদম্বের ঐ শাখে।
বজ্রে তোমার বাজ্ল বাঁশি,
বহ্নি হলো কান্না-হাসি,
সুরের ব্যথায় প্রাণ উদাসী—
মন সরে না কাজে।
তোমার নয়ন-ঝুরা অগ্নি-সুরেও রক্ত-শিখা বাজে ॥

# মুখবন্ধ

*অগ্নি-বীণা*র প্রচ্ছদপটের পরিকল্পনাটি চিত্রকর-সম্রাট শ্রীযুত অবনীন্দ্রনাথ ঠাকুরের, এবং এঁকেছেন তরুণ চিত্রশিল্পী শ্রীবীরেশ্বর সেন। এজন্য প্রথমেই তাঁদের ধন্যবাদ ও কৃতজ্ঞতা নিবেদন করছি।

'ধূমকেতু'র পুচ্ছে জড়িয়ে পড়ার দরুন যেমনটি চেয়েছিলাম তেমনটি করে *অগ্নি-বীণা* বের করতে পারলাম না। অনেক ভুলত্রুটি ও সম্পূর্ণতা রয়ে গেল। সর্বপ্রথম অসম্পূর্ণতা, যেসব গান ও কবিতা দেবো বলে বিজ্ঞাপন দিয়েছিলাম, সেইগুলি দিতে পারলাম না। কেননা সে সমস্তগুলি দিতে গেলে বইটি খুব বড় হয়ে যায়, তার পর ছাপানো ইত্যাদি খরচ এত বেশি পড়ে যায় যে এক টাকায় বই দেওয়া সম্পূর্ণ অসম্ভব হয়ে পড়ে। পূর্বে যখন বিজ্ঞাপন দিয়েছিলাম, তখন ভাবিনি, যে, সমস্ত কবিতা গান ছাপাতে গেলে তা এত বড় হয়ে যাবে, কেননা আমার প্রত্যক্ষ-জ্ঞান কোনো দিনই ছিল না, আজও নেই। এর জন্য যতটুকু গালি-গালাজ্ বদনাম সব আমাকে অকুতোভয়ে হজম করতে হবেই। তবু আমার পাঠক পাঠিকার নিকট আমার এই ত্রুটি বা অপরাধের জন্য ক্ষমা চাচ্ছি। বাকি কবিতা ও গানগুলি দিয়ে এবং পরে কতকগুলি কবিতার সমষ্টি নিয়ে এইরকম আকারেরই *অগ্নি-বীণা*র দ্বিতীয় খণ্ড দিন পন্‌রর মধ্যেই বেরিয়ে যাবে। আর্য পাবলিশিং হাউজ-এর ম্যানেজার আমার অগ্রজপ্রতিম শ্রীযুক্ত শরৎচন্দ্র গুহের ঐকান্তিক চেষ্টারই সাহায্যে আমি *অগ্নি-বীণা* কোনোরকমে শেষ করতে পারলাম; আরো অনেকে অনেকরকম সাহায্য ও উৎসাহ দিয়েছেন। তাঁদের সকলকে আমার শ্রদ্ধা, কৃতজ্ঞতা জানাচ্ছি।

বিনীত
**কাজী নজরুল ইসলাম**

## প্রলয়োল্লাস

তোরা সব জয়ধ্বনি কর্!
তোরা সব জয়ধ্বনি কর্!!
ঐ নূতনের কেতন ওড়ে কাল্-বোশেখির ঝড়।
তোরা সব জয়ধ্বনি কর্!
তোরা সব জয়ধ্বনি কর্!!

আস্‌ছে এবার অনাগত প্রলয়-নেশার নৃত্য-পাগল,
সিন্ধু-পারের সিংহ-দ্বারে ধমক হেনে ভাঙ্‌ল আগল।
মৃত্যু-গহন অন্ধ-কূপে
মহাকালের চণ্ড-রূপে—
ধূম্র-ধূপে
বজ্র-শিখার মশাল জ্বেলে আস্‌ছে ভয়ঙ্কর—
ওরে ঐ হাস্‌ছে ভয়ঙ্কর!
তোরা সব জয়ধ্বনি কর্!
তোরা সব জয়ধ্বনি কর্!!

ঝামর তাহার কেশের দোলায় ঝাপ্‌টা মেরে গগন দুলায়,
সর্বনাশী জ্বালা-মুখী ধূমকেতু তার চামর ঢুলায়!
বিশ্বপাতার বক্ষ-কোলে
রক্ত তাহার কৃপাণ ঝোলে
দোদুল্ দোলে!
অট্টরোলের হট্টগোলে স্তব্ধ চরাচর—
ওরে ঐ স্তব্ধ চরাচর!
তোরা সব জয়ধ্বনি কর্!
তোরা সব জয়ধ্বনি কর্!!

দ্বাদশ রবির বহ্নি-জ্বালা ভয়াল তাহার নয়ন-কটায়,
দিগন্তরের কাঁদন লুটায় পিঙ্গল তার ত্রস্ত জটায়!

বিন্দু তাহার নয়ন-জলে
সপ্ত মহাসিন্ধু দোলে
কপোল-তলে!
বিশ্ব-মায়ের আসন তারি বিপুল বাহুর 'পর—
হাঁকে ঐ 'জয় প্রলয়ঙ্কর!'
তোরা সব জয়ধ্বনি কর্!
তোরা সব জয়ধ্বনি কর্!!

মাভৈ মাভৈ! জগৎ জুড়ে প্রলয় এবার ঘনিয়ে আসে!
জরায়-মরা মুমূর্ষুদের প্রাণ-লুকানো ঐ বিনাশে!
এবার মহা-নিশার শেষে
আস্‌বে ঊষা অরুণ হেসে
করুণ বেশে!
দিগম্বরের জটায় লুটায় শিশু চাঁদের কর,
আলো তার ভর্‌বে এবার ঘর।
তোরা সব জয়ধ্বনি কর্!
তোরা সব জয়ধ্বনি কর্!!

ঐ সে মহাকাল-সারথি রক্ত-তড়িত-চাবুক হানে,
রণিয়ে ওঠে হ্রেষার কাঁদন বজ্র-গানে ঝড়-তুফানে!
খুরের দাপট তারায় লেগে উল্কা ছুটায় নীল খিলানে!
গগন-তলের নীল খিলানে।
অন্ধ কারার বন্ধ কূপে
দেবতা বাঁধা যজ্ঞ-যূপে
পাষাণ স্তূপে!
এই তো রে তার আসার সময় ঐ রথ-ঘর্ঘর—
শোনা যায় ঐ রথ-ঘর্ঘর।
তোরা সব জয়ধ্বনি কর্!
তোরা সব জয়ধ্বনি কর্!!

ধ্বংস দেখে ভয় কেন তোর?—প্রলয় নূতন সৃজন-বেদন!
আসছে নবীন—জীবন-হারা অ-সুন্দরে কর্‌তে ছেদন!
তাই সে এমন কেশে বেশে
প্রলয় বয়েও আস্‌ছে হেসে—
মধুর হেসে!